দৈনিক ইত্তেফাক

তারিখ 20 AUG 1987
পৃষ্ঠা 1 কলাম 3

2

# জাতীয় ছাত্র সমাজ ও ছাত্র পরিষদের বিলুপ্তি ঘোষণা

( ইত্তেফাক রিপোর্ট )

প্রেসিডেন্ট এরশাদ দলীয় ছাত্র সংগঠন গড়ার নীতি পরিহার

(শেষ পৃঃ ৮-এর কঃ দ্রঃ)

## ছাত্র সমাজ বিলুপ্ত

( ১ম পৃঃ পর )

করার জন্য রাজনৈতিক দলগুলির প্রতি আহ্বান জানাইয়াছেন। গতকাল জাতির উদ্দেশে প্রদত্ত ভাষণে প্রেসিডেন্ট শিক্ষাঙ্গনকে অস্ত্রমুক্ত রাখার সংকল্প ব্যক্ত করিয়া বলেন, শিক্ষাঙ্গনে শিক্ষার পরিবেশ ফিরাইয়া আনার জন্য ছাত্র সমাজকে দলীয় রাজনীতির ঊর্ধ্বে রাখিতে হইবে। প্রেসিডেন্ট জাতীয় কর্তব্যের প্রতি স্বীয় বিশ্বস্ততার কথা উল্লেখ করিয়া জাতীয় পার্টির চেয়ারম্যান হিসাবে দলীয় ছাত্র সংগঠন জাতীয় ছাত্র সমাজের বিলুপ্তি ঘোষণা করেন। একই সাথে তিনি জাতীয় ছাত্র পরিষদও বিলুপ্ত করেন। প্রেসিডেন্ট এরশাদ তাঁহার ভাষণে ছাত্র রাজনীতি ও শিক্ষাঙ্গন পরিস্থিতির ব্যাপারে বিস্তারিত বক্তব্য রাখেন।